ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



ROSEDIN ● Vol. - 1 ● Issue - 77 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৩৩ ● কলকাতা ● ১০ ভাদ্র, ১৪৩২ ● বুধবার ● ২৭ আগস্ট ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 40

## হিমালয়ের সমর্পণ যোগ



জঙ্গল মানুষকে পরিবেশের এক সজ্জলন দেয়।"

অন্যদিকে 'বন' সর্বদা মনুষ্য নির্মিত হয়। মানুষ স্বার্থপর হয়। সে সর্বদা ঐ বনের নির্মাণ করবে যার থেকে তার লাভ মিলবে। সেইজন্য 'বন' কেবল লাভদায়ী বৃক্ষেরই হয়। যে বৃক্ষ ফল দেয়, ভাল কাঠ দেয়, এরকম বন মানুষ লাগায়। বন শ্যামলিমা আনতে পারে। কিন্তু প্রকৃতির সন্তুলন বানিয়ে রাখতে পারে না। সেইজন্য বন প্রকৃতির সন্তুলনের কাজ করে না। বনের সঙ্গে মানুষের বুদ্ধি, মানুষের স্বার্থ জুড়ে থাকে।"

"অনেক বৃক্ষ মানুষের দৃষ্টিতে উপযোগী নয়। কিন্তু পরিবেশের দৃষ্টি থেকে অনেক উপযোগী হয়।

ক্রমশঃ

# অতিরিক্ত পুলিশ সুপারের নামে ভুয়ো অ্যাকাউন্ট খুলে প্রতারণা



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

অতিরিক্ত পুলিশ সুপারের নামে নকল ফেসবুক অ্যাকাউন্ট তৈরি করাই শুধু নয়। সেই অ্যাকাউন্ট থেকে সাধারণ মানুষের কাছে অর্থের আবেদন জানানো হত! পুলিশ আধিকারিকের অ্যাকাউন্ট ভেবে মানুষজন সন্দেহ করত না। আর তারপরই প্রতারণার ফাঁদে ফেলার চেষ্টা হত। ফাঁদে পড়ে অর্থ খুইয়েছেন একাধিক ব্যক্তি।এরপর পুলিশ দু'জনের সন্ধান পায়। হরিয়ানার মেওয়াট থেকে ২২ বছরের আকিল ও রাজস্থানের আলওয়ার থেকে বছর কুড়ির আরিফকে গ্রেপ্তার করা হয়েছে। রাজ্যে নিয়ে আসা হয় ধৃতদের। আদালতের নির্দেশে দু'জনকে পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। দু'জনকে জিজ্ঞাসাবাদ করে চক্রে আরও কেউ জড়িত কিনা খোঁজ চলছে। কত টাকার প্রতারণা হয়েছে? কতজন তাদের প্রতারণার শিকার হয়েছেন? সেসব জানার চেষ্টা চলছে। ডায়মন্ড হারবার পুলিশ জেলার সাইবার ক্রাইম থানায় অভিযোগ দায়ের হয়। নড়েচড়ে বসে পুলিশ। দুই ভিনরাজ্য থেকে গ্রেপ্তার করা

এরপর ৩ পাতায়






# সুকান্ত মজুমদারের জেলায় ছয়ে ছয় বার্তা অভিষেকের



স্টাফ রিপোর্টার, রোজদিন

ছাব্বিশের আগে বিজেপির প্রাক্তন রাজ্য সভাপতির জেলায় বিশেষ নজর তৃণমূলের। সুকান্ত মজুমদারের জেলায় ছয়ে ছয় বার্তা অভিষেকের। দক্ষিণ দিনাজপুরের জেলা নেতৃত্বকে স্পষ্ট বার্তা দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদকের। জেলার ছয় বিধানসভাতেই জয় নিশ্চিত করতে হবে। আগে কোথায় কেন হার, পর্যালোচনা করে পদক্ষেপ নেওয়ার ওপর জোর দিচ্ছেন অভিষেক।দলের মন্ত্রী তথা দক্ষিণ দিনাজপুর জেলার হরিরামপুর বিধানসভার বিধায়ক বিপ্লব মিত্র বলছেন, "৬টা আসন জেতাই আমাদের লক্ষ্য। প্রস্তুতি আমরা করতে চাইছি। এর আগেও আমরা ৫টা তো জিতেছি। খুব অল্প ভোটে আমরা আর একটা সিট হারিয়েছিলাম। নাহলে সেবারই আমরা ৬টা জিতে নিতে পারতাম। এখন লোকসভার নিরিখে যে তিনটি আমরা হারিয়েছি সেটা পুনরুদ্ধার করা আগামী ভোটে আমাদের লক্ষ্য।" পাল্টা খোঁচা দিতে ছাড়েনি বিজেপি। বিজেপি নেতা সজল ঘোষ বলছেন, "এরা হেলে ধরতে পারে না কেউটে ধরতে এসেছে।"সূত্রের খবর এমনটাই। কিন্তু অভিষেকের এই নির্দেশের পর কী ভাবছেন জেলার উপর মহলের নেতারা?

ওয়াকিবহাল মহলের মত ছোট জেলা হলেও বাংলার রাজনৈতিক মানচিত্রে বিশেষ গুরুত্ব রয়েছে দক্ষিণ দিনাজপুরের। কারণ এই জেলা বরাবরই সুকান্ত জেলা হিসাবে পরিচিত। তিনি আবার বর্তমানে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী। ফলে এখানে তৃণমূলের লড়াই যে রীতিমতো প্রেস্টিজ ফাইট তা বলার অপেক্ষা রাখে না। এমতাবস্থায় তৃণমূলের সেকেন্ড ইন কমান্ডের ছয়ে ছয়ের লক্ষ্যমাত্রা সেট করে দেওয়া রাজনৈতিকভাবে যে বিশেষভাবে তাৎপর্যপূর্ণ তা বলার অপেক্ষা রাখে না।

২০২১ সালের বিধানসভা নির্বাচনে ওই জেলায় ৬টি আসনের মধ্যে ৫টিতে জিতেছিল তৃণমূল কংগ্রেস। শেষ লোকসভা নির্বাচনে ৩টিতে জেতে তৃণমূল, তিনটিতে জেতে বিজেপি। কেন এই হার, কোথায় গলদ, কাদের জন্য সমস্যা হল, গোষ্ঠীদ্বন্দ্ব কতটা প্রভাব ফেলল সবটাই পর্যালোচনা করার নির্দেশ দিয়েছেন অভিষেক।

# সাইকেলের চাকা গড়াল ১২.৫ লক্ষ এর লক্ষ্যে



ঈশানী মল্লিক

সাইকেলের চাকা গড়াল ১২.৫ লক্ষ এর লক্ষ্যে পশ্চিমবঙ্গ সরকারের একাধিক প্রকল্পের মধ্যে আন্তর্জাতিক খ্যাতি অর্জনকারী প্রকল্প "সবুজ সাথী "। আজ পূর্ব বর্ধমানের বর্ধমান মিউনিসিপ্যাল বয়েজ হাই স্কুলের মাঠ থেকে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়

এই প্রকল্পের ১১ তম ফেজের উদ্বোধন করলেন। আজ প্রথম দিনেই ৫ হাজার পড়ুয়াকে সাইকেল প্রদান করা হয়েছে। এই নতুন ফেজে প্রায় ১২.৫ লক্ষ ছাত্র ছাত্রীকে সাইকেল দেওয়া হবে।

বিগত ২০১৫-১৬ অর্থবর্ষে

এরপর ৬ পাতায়

# উত্তর কলকাতা জেলা কমিটিতে সিংভাগই অবাঙালি

স্টাফ রিপোর্টার, রোজদিন

মুখেই শুধু রামনাম ছেড়ে দুর্গানাম জপ। কার্যক্ষেত্রে বাঙালি হওয়া হল না শমীক ভট্টাচার্যের নেতৃত্বাধীন বঙ্গ বিজেপির। অন্তত উত্তর কলকাতা জেলা বিজেপিতে প্রাধান্য থেকে গেল সেই অবাঙালিদেরই। বিজেপির তরফে উত্তর কলকাতার যে জেলা কমিটি গঠন করা হয়েছে, তাতে ৯১ জন সদস্যের মধ্যে ৬৮ জনই অবাঙালি।যে জেলা কমিটির অন্তর্ভুক্ত ৬০ ওয়ার্ডের মধ্যে ৪৮ ওয়ার্ড বাঙালি এলাকা, সেখানে এমন অবাঙালি জেলা কমিটি কেন? দলের মধ্যে প্রশ্ন উঠছে। মঙ্গলবার সকালে এই জেলা কমিটির নামের তালিকা প্রকাশ হতেই বনেদি পাড়ায় বিজেপির এমন হাল দেখে তৃণমূল



হাসতে শুরু করেছে। বিজেপি পুরনো উত্তর কলকাতার নেতাদের মতে দলে অবাঙালি না নিলে বিজেপি- সেটা প্রমান করা যায় না। তাই দলের এই হাল। এই ঘটনার প্রতিবাদে একজন ইতিমধ্যেই নতুন কমিটি থেকে পদত্যাগ করেছে ।একটা সময় বিজেপিকে শুধুই বড় বাজার কেন্দ্রিক কমিটি দল বলা হত। নরেন্দ্র মোদি ক্ষমতায় আসার পর অবশ্য সেই বদনাম ঘুচেছিল। কিন্তু উত্তর কলকাতার জেলা কমিটিতে সেই বড়বাজারেরই প্রাধান্য। বাঙালি বনেদি এলাকা বলে পরিচিত উত্তর কলকাতা। বিজেপির এই সাংগঠনিক জেলায় ৬০টা ওয়ার্ডের মধ্যে ৪৮টাই বাঙালি অধ্যুষিত।

তমোঘ্ন ঘোষের নেতৃত্বে জেলা কমিটি গঠিত হলেও তাতে অবাঙালির সংখ্যা উল্লেখযোগ্যভাবে বেশি। কার্যকরী কমিটির ৯১ জনের মধ্যে ৬৮ জন অবাঙালি। আবার পদাধিকারী ২৬ জনের মধ্যে ১৬ জন অবাঙালি। কিষাণ ঝাঁওয়ারের লোকজন কমিটিতে আছে। যে অংশ তাপস রায়ের বিরোধিতা করেছিল লোকসভা ভোটে সেই অংশের লোকজনকে কমিটিতে রেখেছেন তমোঘ্ন। কমিটিতে জোড়াসাঁকো আর শ্যামপুকুর এর লোকই বেশি।







(১ম পাতার পর)

# অতিরিক্ত পুলিশ সুপারের নামে ভুয়ো অ্যাকাউন্ট খুলে প্রতারণা

হয় দুই যুবককে। সম্পূর্ণ নিশ্চিত না হয়ে সমাজমাধ্যমে কারোর পাঠানো ফ্রেন্ড রিকোয়েস্ট গ্রহণ করবেন না। বড়সড় কোনও চক্রের ফাঁদে পড়তে পারেন। এমনই আবেদন ডায়মন্ড হারবার জেলা পুলিশের।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার মিতুন কুমার দে-র নকল ফেসবুক অ্যাকাউন্ট খোলা হয়েছিল বলে অভিযোগ। একটা-দুটো নয়, মোট সাতটি নকল অ্যাকাউন্ট খোলা হয়েছিল। সেগুলির থেকে ফ্রেন্ড রিকোয়েস্ট পাঠাত প্রতারকরা। গত এক মাসে এইসব অ্যাকাউন্ট থেকে সাধারণ মানুষদের কাছে ফ্রেন্ড রিকোয়েস্ট যেত। পুলিশ সুপারের ছবি থাকত সেসব অ্যাকাউন্টে। ফলে সাধারণ মানুষজন বিশ্বাস করে ফেলতেন। শুরু হত মেসেজে কথাবার্তা। এরপরই সুযোগ বুঝে তাঁদের কাছে টাকা চাওয়া হত। অনেকে সেই ফাঁদে পা-ও দিয়েছিলেন।

অতিরিক্ত পুলিশ সুপার (জোনাল) মিতুনকুমার দে জানান, তাঁর নামে এমনই একটার পর একটা নকল অ্যাকাউন্ট খোলে প্রতারকরা। যতবারই সেই অ্যাকাউন্ট বন্ধ করে দেওয়া হত, প্রতারকরা নতুন করে ফের নকল অ্যাকাউন্ট খুলত। প্রতারকদের ফাঁদে পড়ে টাকা খুইয়েছিলেন বজবজের সারেঙ্গাবাদের বাসিন্দা সাবির আলি। তিনি সাইবার ক্রাইম থানায় অভিযোগ জানান। তদন্তে নামে জেলা পুলিশের স্পেশাল অপারেশন গ্রুপ ও সাইবার ক্রাইম থানা। আরও একাধিক ঘটনার কথা জানা যায়।

# দিল্লিতে আইনজীবীদের ধর্মঘট

ড. সমরেন্দ্র পাঠক
সিনিয়র সাংবাদিক



**নয়াদিল্লি, ২৬ আগস্ট, ২০২৫ (এজেন্সি)।** তদন্তকারীদের আদালতে সশরীরে হাজিরা দেওয়ার অব্যাহতির আদেশের বিরুদ্ধে দিল্লির জেলা আদালতে আইনজীবীদের ধর্মঘট আজও অব্যাহত, যার ফলে বিচারিক কার্যক্রমে ব্যাপক প্রভাব পড়েছে। সোমবার আইনজীবীরা কেবল আক্রমণাত্মক ধর্মঘটই করেননি বরং প্রতিবাদ হিসেবে আদালত প্রাঙ্গণের ভেতরে প্রবেশ পথও বন্ধ করে দিয়েছেন। ফলস্বরূপ, বিচারিক কাজ মারাত্মকভাবে ব্যাহত হয়েছে।

১৩ আগস্ট, দিল্লির লেফটেন্যান্ট গভর্নর তদন্তকারীদের আদালতে বাধ্যতামূলক শারীরিক উপস্থিতি থেকে অব্যাহতি দিয়ে একটি আদেশ জারি করেছেন, পরিবর্তে তাদের ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে হাজির হওয়ার অনুমতি দিয়েছেন।

এই নির্দেশের প্রতিবাদে, জেলা আদালতের আইনজীবীরা গত শনিবার থেকে ধর্মঘটে রয়েছেন। ডিবিসি সহ বেশ কয়েকটি আইনজীবী সমিতি ধর্মঘটের প্রতি সমর্থন জানিয়েছে। নির্বাচিত আইনজীবী এবং বিশেষজ্ঞরাও এই বিষয়ে তাদের তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন, যেমন:

সুপ্রিম কোর্টের অ্যাডভোকেট নবেশ কুমার বলেছেন যে সরকারের এই আদেশ ন্যায়বিচার প্রদান প্রক্রিয়াকে মারাত্মকভাবে প্রভাবিত করবে। তদন্তকারীদের পরিচয় যাচাই থেকে শুরু করে কার্যকর জেরা পর্যন্ত, বেশ কিছু চ্যালেঞ্জ দেখা দেবে। এমনকি আদালতগুলিও সত্যতা মূল্যায়নে অসুবিধার সম্মুখীন হবে। এটি ন্যায়বিচারের স্বাভাবিক নীতির লঙ্ঘন হবে।

দিল্লি হাইকোর্টের অ্যাডভোকেট অংশু কুমারী বলেছেন যে সরকারের বিজ্ঞপ্তি সম্পূর্ণ অযৌক্তিক এবং আইনের শাসন লঙ্ঘন করে। নতুন ব্যবস্থা কেবল ন্যায়বিচারকে প্রভাবিত করবে না বরং একাধিক জটিলতাও তৈরি করবে।

বিখ্যাত চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট সঞ্জয় কুমার তিওয়ারি মন্তব্য করেছেন যে সরকারের এই পদক্ষেপ ভুক্তভোগীদের ন্যায়বিচার থেকে বঞ্চিত করবে। এটি তদন্তকারীদের একচেটিয়া অধিকার বৃদ্ধি করবে। তাঁর মতে, এই ধরনের আদেশের মাধ্যমে সরকার একটি অঘোষিত জরুরি অবস্থা জারি করার চেষ্টা করছে। (এল.এস.)

# ফালাকাটা কলেজে গঠিত হল নতুন গভর্নিং বডি



**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**

সোমবার ফালাকাটা কলেজে গঠিত হল নতুন গভর্নিং বডি। দশজন প্রতিনিধিকে নিয়ে এই গভর্নিং বডি গঠিত হয়।সেই বডির সভাপতি হন ফালাকাটা হাইস্কুলের শিক্ষক রাজু মিশ্র। তিনি এদিন দায়িত্বভার গ্রহণ করেন। এছাড়া উচ্চ শিক্ষা দপ্তরের প্রতিনিধি হিসেবে দায়িত্ব নেন প্রমোদনগর হাইস্কুলের প্রধান শিক্ষক প্রদীপ কুমার সান্যাল ও ফালাকাটা শহরের বাসিন্দা প্রাক্তন ছাত্রী সুতপা ভট্টাচার্য। দশজনের মধ্যে দু'জন ছিলেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি। তারা হলেন বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের অধ্যাপক নিতিশ রায় ও ইতিহাস বিভাগের অধ্যাপিকা অমৃতা মন্ডল। কলেজের শিক্ষক প্রতিনিধি হিসেবে দায়িত্ব পান অধ্যাপক সুব্রত দেবনাথ,শিশির দাস ও অধ্যাপিকা সঞ্চিতা চক্রবর্তী।এছাড়া পরিচালন সমিতিতে আছেন কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড:প্রদীপ কুমার অধিকারি ও অশিক্ষক কর্মী মনোরঞ্জন বিশ্বাস।এদিন কলেজের সেমিনার রুমে সবাইকে বরণ করে নেওয়া হয়। সেখানে কলেজের সদ্য অবসরপ্রাপ্ত অধ্যক্ষ ড: হীরেন্দ্রনাথ ভট্টাচার্য সহ সমাজসেবী শুভব্রত দে ও কলেজের অন্যান্য অধ্যাপক, অধ্যাপিকা, অশিক্ষককর্মী ও পড়ুয়ারা উপস্থিত ছিলেন।স্বাগত ভাষণ দেন ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড:প্রদীপ কুমার অধিকারি।

এরপর ৬ পাতায়

## সম্পাদকীয়

### নিয়োগ দুর্নীতির কালো টাকা কীভাবে সাদা করেন জীবনকৃষ্ণ সাহা

এসএসসি নিয়োগ দুর্নীতি মামলায় সোমবারই ইডির হাতে গ্রেফতার বিধায়ক জীবনকৃষ্ণ সাহা। ইডি সূত্রে খবর, নিয়োগ দুর্নীতির টাকায় ঘনিষ্ঠদের নামে নগদে জমি কিনে কালো টাকা সাদা করেছেন জীবন কৃষ্ণ সাহা । মায়া রানি, নিতাই সাহা, রাজেশ ঘোষ, গৌর সাহা - এরকম একাধিক ঘনিষ্ঠদের নামে প্রচুর জমি কেনার নথি পেয়েছে ইডি।বিধায়কের পাশাপাশি রাজেশ ঘোষ নামের এক বেসরকারি ব্যাংক কর্মীর বাড়িতেও সোমবার সকালে ইডির আধিকারিকদের টিম যায়। এর আগে নিয়োগ দুর্নীতি মামলায় সিবিআই গ্রেফতার করেছিল বড়ঞার তৃণমূল বিধায়ক জীবনকৃষ্ণ সাহাকে। ২০২৩-এর ১৭ এপ্রিল দীর্ঘ তল্লাশির পর তাঁকে গ্রেফতার করে সিবিআই। সেইসময় কেন্দ্রীয় সংস্থা হানা দিতেই ফোন পুকুরে ফেলে দিয়েছিলেন বিধায়ক। ২০২৪-র ২৪ মে জামিনে মুক্তি পান জীবন কৃষ্ণ সাহা।যে সব জমি কেনা হয়েছে নগদ টাকায়।

স্ত্রী ও পিসির নামেও সম্পত্তি সরানো হয়েছে বলে সন্দেহ তদন্তকারীদের। তাই জীবন কৃষ্ণ সাহার নিকট আত্মীয়দের সম্পত্তি গত ৫ বছরে কত বেড়েছে? সেই দিকেই এখন নজর ইডির। এর হদিশ পেতে প্রত্যেকের আয়কর রিটার্নে নজর তদন্তকারী অফিসারদের। ইতিমধ্যেই জীবন কৃষ্ণ সাহার স্ত্রী ও পিসিকে সম্পত্তির তথ্য সহ তলব করছে ইডি।

প্রসঙ্গত, মুর্শিদাবাদের বড়ঞার তৃণমূল বিধায়ক জীবনকৃষ্ণ সাহার বাড়িতে সোমবার সকালে ফের হানা দেয় ইডি। বাড়িতে ইডি আসতেই পালানোর চেষ্টা করেন বিধায়ক! আবারও ফোন ফেলে দেন ঝোপে। বাড়ির পিছন দিক দিয়ে পালানোর চেষ্টা করেন। কিন্তু সেটা আর হয়নি। এসএসসি নিয়োগ দুর্নীতিতে ইডি গ্রেফতার করে জীবনকৃষ্ণ সাহাকে।

## আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার
(তৃতীয় পর্ব)



প্রচুর দর্শনার্থীদের সমাগম হয় এই মন্দির চত্বরে। এই কালীঘাটেই রয়েছে আদি গঙ্গা। যদিও এখন এই গঙ্গা একদমই রুগ্ন। হারিয়েছে তার নাব্যতা। কিন্তু হিন্দু ধর্মের মানুষের কাছে এই আদি গঙ্গার জল এখনও পবিত্র। একসময় এই আদি-গঙ্গাই ছিল কলকাতার লাইফলাইন। এছাড়া মন্দিরের কিছু দুরেই রয়েছে কলকাতার বিখ্যাত ক্যাওড়াতলা শ্মশান। কলকাতার প্রধান শ্মশান। কলকাতার বিখ্যাত সব মানুষদের শেষকৃত্য এই শ্মশানেই হয়ে থাকে। রবীন্দ্রনাথ থেকে শুরু করে, বীরেন্দ্রকিশোর ভদ্র, উত্তম

ক্রমশঃ


(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

## জামাই আদর করে ডেকে লাঞ্ছনা পরিযায়ী শ্রমিকদের', গর্জে উঠলেন মুখ্যমন্ত্রী

স্টাফ রিপোর্টার, রোজদিন

**বর্ধমান :** বাংলার অপমান নিয়ে বর্ধমানের প্রশাসনিক সভায় গর্জে উঠলেন মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেছেন, ভাষা সন্ত্রাস মানব না। বাংলার অসম্মান বরদাস্ত করা হবে না। বর্ধমানের জনসভা থেকে এই ভাবে হুঁশিয়ারি দিয়েছেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। বাংলা তাঁর নিজস্বতায় ভরসা করে এগিয়ে চলেছে।ভিন রাজ্যে কাজ করতে গিয়ে হেনস্তার শিকার হতে হচ্ছে বাংলা থেকে যাওয়া শ্রমিকদের। প্রতি বছর ২২ লক্ষ পরিযায়ী এই রাজ্য থেকে অন্য রাজ্যে কাজ করতে যান। এখন প্রায় দেড়কোটির বেশি পরিযায়ী শ্রমিক এখনও বাইরে রয়েছেন। নিজেদের স্বার্থে নিয়ে যাওয়া হচ্ছে। আগেও জনসভা থেকে ভাষা সন্ত্রাসের বিরুদ্ধে সুর চড়িয়েছেন তিনি। এবারও তাঁর অন্যথা হয়নি। বিজেপি শাসিত রাজ্যে বাংলায় কথা বলার জন্য কেন হেনস্তা করা হচ্ছে তাই নিয়ে প্রশ্ন তুলেছেন তিনি।মঙ্গলবার তিনি বলেছেন, ভিন রাজ্যে পরিযায়ী শ্রমিকদের ওপর অত্যাচার ও অনাচার করা হচ্ছে। বাংলায় শ্রমিকরা ভালো কাজ জানেন। সেইজন্য তাদের কাজ দেখে নিয়ে যাওয়া হয়েছে। দয়া করে নিয়ে যায়নি, দক্ষতা বিচার করেই নিয়ে যাওয়া হয়েছে। সেখানে নিয়ে গিয়ে চলছে অত্যাচার। জামাই আদর করে ডেকে লাঞ্ছনা করা হয়েছে পরিযায়ী শ্রমিকদের। তিনি প্রশ্ন তুলেছেন, কেন বিজেপি শাসিত রাজ্যে গিয়ে নির্যাতিত হতে হচ্ছে পরিযায়ী শ্রমিকদের? তিনি বলেছেন, বাংলার ছাত্র ছাত্রীদের মেধার শিক্ষক ও গবেষকদের মেধাকে গোটা বিশ্ব সম্মান করে। পরিযায়ী শ্রমিকদের ফিরে আসার জন্য ফের আর্জি জানিয়েছেন মমতা বন্দ্যোপাধ্যায়। এদিন তিনি বলেছেন শ্রমশ্রী ও কর্মশ্রী প্রকল্পের কথাও।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



-: মৃত্যুঞ্জয় সরদার :-

ইঁহার বাম চরণ ভূমিলগ্ন থাকে এবং দক্ষিণ চরণ ঈষদুন্নত ... ডান হাতে উদ্যত খড়্গ থাকে এবং ইনি বাম করে পাশবেষ্টিত তর্জনী মুদ্রা প্রদর্শন করেন। ইঁহার মুখ দ্রংষ্টাকরাল, মাথা মুণ্ডমালালঙ্কৃত, চক্ষুত্রয় আরক্ত ও ঘূর্ণমান এবং বদন ক্রোধাবেশে উদ্‌ভাসিত।

ক্রমশঃ


### • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# ভারতের প্রাণী সর্বেক্ষণ সংস্থা পশ্চিমবঙ্গে দুটি নতুন কোলেম্বোলা প্রজাতি আবিষ্কার করল

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ভারতের প্রাণী সর্বেক্ষণ সংস্থা (ZSI)-র বিজ্ঞানীরা পশ্চিমবঙ্গে কোলেম্বোলার দুটি নতুন প্রজাতি আবিষ্কার করেছে। কোলেম্বোলা হল, মাটিতে বসবাসকারী ক্ষুদ্র সন্ধিপদী প্রাণী, যেগুলি মাটির স্বাস্থ্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এই গুরুত্বপূর্ণ আবিষ্কার পশ্চিমবঙ্গের জীববৈচিত্র্যকে আরও গভীরভাবে বোঝার পথ প্রশস্ত করেছে।

নতুন আবিষ্কৃত প্রজাতিদুটির নাম রাখা হয়েছে Salina aurantiamaculata এবং Salina pseudomontana। প্রথমটির নামকরণ করা হয়েছে এর উজ্জ্বল কমলা রঙের দাগের জন্য, আর দ্বিতীয়টির নাম এসেছে Salina montana প্রজাতির সঙ্গে এর শারীরিক সাদৃশ্যের কারণে।

এই আবিষ্কারটি ZSI-এর অ্যাপটেরিগোটা (Apterygota) শাখার গবেষক দল করেছেন, যার নেতৃত্বে ছিলেন ডঃ গুরুপদ মণ্ডল। এই দলে এছাড়াও ছিলেন শ্রীমতী পৃথা মণ্ডল এবং ডঃ সুরজিৎ কর। গবেষণাটি ১৪ আগস্ট, ২০২৫ তারিখে আন্তর্জাতিক শ্রেণীবিন্যাস সংক্রান্ত সাময়িক পত্রিকা Zootaxa-তে প্রকাশিত হয়েছে।

ZSI-এর নির্দেশক ডঃ ধৃতি ব্যানার্জি গবেষক দলের প্রচেষ্টাকে প্রশংসা করে কোলেম্বোলার পরিবেশগত গুরুত্বের ওপর আলোকপাত করেছেন। তিনি বলেছেন, "কোলেম্বোলা মাটির স্বাস্থ্যের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। এরা উপরিভাগের মাটির গঠন, পুষ্টি উপাদানের পুনর্ব্যবহার এবং জৈব পদার্থের পচন প্রক্রিয়ায় মুখ্য ভূমিকা পালন করে।" তিনি আরও বলেছেন, "এদের ভূমিকা প্রায়ই উপেক্ষিত হয়, কিন্তু পরিবেশগত স্বাস্থ্য পর্যবেক্ষণ ও রক্ষণাবেক্ষণে তাদের গুরুত্ব অপরিহার্য।"

নতুন প্রজাতিদুটিকে স্বতন্ত্র করে তোলে এদের শরীরের চেটোট্যাক্সি বা লোমের বিন্যাস, ভিন্নধর্মী দেহবর্ণ এবং ফারকুলার (পেটের একটি কাঁটাযুক্ত অঙ্গ) গঠন। এতে রয়েছে একটি চতুষ্কোণ মুক্রো এবং শীর্ষভাগে দন্তাকৃতি উপাঙ্গ। প্রজাতিদুটি যৌগিক চোখযুক্ত, এবং এদের দেহে কোনো আঁশ নেই। উভয় প্রজাতিই সর্বব্যাপী বিস্তৃত celebensis গোষ্ঠীর অন্তর্গত।

ডঃ গুরুপদ মণ্ডলের মতে, এই আবিষ্কারটি বিশেষ তাৎপর্যপূর্ণ, কারণ, এর ফলে ভারতে Salina গণের প্রজাতির সংখ্যা বেড়ে দাঁড়াল ১৭-এ। ভারতে সর্বশেষ Salina প্রজাতি নথিভুক্ত হয়েছিল ১৯৭৯ সালে—ফলে দীর্ঘ বিরতির পর এই আবিষ্কার এক গুরুত্বপূর্ণ ঘটনা হিসেবে চিহ্নিত হয়েছে। তিনি বলেন, "এই গবেষণা স্পষ্ট করে তোলে যে, এই ক্ষুদ্র প্রাণীগুলির বৈচিত্র্য এবং মাটির বাস্তুতন্ত্রে এদের গুরুত্বপূর্ণ অবদান অনুধাবনের জন্য ধারাবাহিক গবেষণা অপরিহার্য।"

# নতুন দিল্লিতে ভাইব্র্যান্ট ভিলেজ কর্মসূচি সংক্রান্ত ২ দিনের কর্মশালায় ভাষণ দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ

**নতুন দিল্লি, ২৬ অগাস্ট, ২০২৫**

নতুন দিল্লিতে ভাইব্র্যান্ট ভিলেজ কর্মসূচি সংক্রান্ত ২ দিনের কর্মশালার উদ্বোধনী অধিবেশনে প্রধান অতিথি হিসেবে ভাষণ দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ। স্বরাষ্ট্র মন্ত্রকের সীমান্ত ব্যবস্থাপনা শাখার উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী ভাইব্র্যান্ট ভিলেজেস কর্মসূচির লোগোও প্রকাশ করেন। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী বান্দি সঞ্জয় কুমার, স্বরাষ্ট্র সচিব, সীমান্তবর্তী রাজ্যগুলির মুখ্যসচিব, সীমান্তে মোতায়েন নিরাপত্তা বাহিনীর মহাসচিব সহ বিশিষ্ট জনেরা।

ভাষণে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী বলেন, ভাইব্র্যান্ট ভিলেজেস কর্মসূচির মূল লক্ষ্য ৩টি – সীমান্তবর্তী গ্রামগুলিতে অনুপ্রবেশ ঠেকানো, সেগুলিকে জাতীয় নিরাপত্তার অন্যতম স্তম্ভ করে তোলা এবং সেখানকার বাসিন্দাদের কাছে কেন্দ্র ও রাজ্যের প্রকল্পগুলির সুবিধা সম্পূর্ণভাবে পৌঁছে দেওয়া। তিনি আরও বলেন, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী যখন ভাইব্র্যান্ট ভিলেজেস কর্মসূচির রূপরেখা পেশ করেছিলেন তখন ঠিক হয়েছিল এর রূপায়ণ হবে পর্যায়ক্রমে। সীমান্তবর্তী গ্রামগুলিকে 'প্রথম গ্রাম' হিসেবে চিহ্নিত করে এই গ্রামগুলি সম্পর্কে আমাদের ধারণাটাকেই বদলে দিয়েছেন প্রধানমন্ত্রী।

শ্রী অমিত শাহ বলেন, কয়েক বছর আগে কর্মসূচিটির আওতায়

এরপর ৬ পাতায়


## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Ramkrishna Chak) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সন্ধ্যা মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# যুক্তরাষ্ট্রে ডাকযোগে পণ্য পাঠানো স্থগিত করল ২৫ দেশ

স্টাফ রিপোর্টার, রোজদিন

বিশ্বের অন্তত ২৫টি দেশ যুক্তরাষ্ট্রে ডাকযোগে পণ্য পাঠানো স্থগিত করেছে বলে জানিয়েছে জাতিসংঘের ডাক খাতের দায়িত্বপ্রাপ্ত একটি সংস্থা।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন ডাকযোগে পাঠানো পণ্যের ওপর থেকে শুল্ক অব্যাহতির নিয়ম বাতিল করায় এসব দেশ তাদের পরিষেবা স্থগিত করেছে।

মঙ্গলবার জাতিসংঘের ডাক খাত সংশ্লিষ্ট সংস্থা ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়ন (ইউপিইউ) এই তথ্য জানিয়েছে।

সুইজারল্যান্ডভিত্তিক এই সংস্থাটির ১৯২টি সদস্য দেশ রয়েছে। সদস্য দেশগুলোর ডাক বিভাগের মাঝে সহযোগিতা জোরদারে কাজ করে সংস্থাটি। ডাকযোগে পণ্য প্রেরণ স্থগিত নিয়ে সোমবার মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিওর কাছে লেখা এক চিঠিতে উদ্বেগ জানিয়েছে ইউপিইউ।



তবে বিশ্বের কোন কোন দেশ বর্তমানে যুক্তরাষ্ট্রের সঙ্গে ডাকখাতের পরিষেবা স্থগিত করেছে, সেই বিষয়ে কোনও তথ্য প্রকাশ করেনি সংস্থাটি। যদিও অস্ট্রেলিয়া, নরওয়ে, সুইজারল্যান্ডসহ কয়েকটি দেশ ইতোমধ্যে প্রকাশ্যে যুক্তরাষ্ট্রে ডাকযোগে পণ্য পাঠানো বন্ধের ঘোষণা দিয়েছে।

ইউপিইউয়ের বিবৃতিতে বলা হয়েছে, “২৫টি সদস্য দেশের ডাক অপারেটররা ইতোমধ্যে ইউপিইউকে যুক্তরাষ্ট্রে ডাকসেবা স্থগিত করা হয়েছে বলে জানিয়েছে। ট্রানজিট সেবার অনিশ্চয়তার কারণে এসব দেশ এই সিদ্ধান্ত নিয়েছে।”

আগামী ২৯ আগস্ট থেকে আন্তর্জাতিক চালানের ক্ষেত্রে যুক্তরাষ্ট্রের বৈশ্বিক ‘ডি মিনিমিস’ নামের ডাক খাতের শুল্কমুক্তির নিয়ম স্থগিত করা হবে বলে গত মে মাসে ঘোষণা দিয়েছিলেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

মার্কিন প্রশাসনের এই শুল্কমুক্তির নিয়ম কার্যকর হওয়ার কয়েক দিন আগে বিশ্বের বিভিন্ন দেশের ডাকযোগে যুক্তরাষ্ট্রে পণ্য পাঠানো স্থগিতকারী দেশের সংখ্যা জানিয়েছে ইউনিভার্সাল পোস্টাল ইউনিয়ন।

যুক্তরাষ্ট্রের ‘ডি মিনিমিস’ শুল্কমুক্তির আওতায় ৮০০ ডলারের নিচের পণ্যের চালান শুল্কমুক্ত ও হালকা নথিপত্রের মাধ্যমে দেশটিতে পাঠানো যেত।

(২ পাতার পর)

## সাইকেলের চাকা গড়াল ১২.৫ লক্ষ এর লক্ষ্যে

উচ্চতর শিক্ষাকে কেন্দ্র করে এই প্রকল্পের যাত্রা শুরু হয়। বিগত ১০ টি ফেজে অর্থাৎ ১০ বছরে এখনও পর্যন্ত ১ কোটি ৩৮ লক্ষ এর বেশি ছাত্র ছাত্রী এই প্রকল্পের আওতায় বিনামূল্যে সাইকেল পেয়েছেন। এখনো পর্যন্ত সরকার এই খাতে ৪৭৯০ কোটি টাকা ব্যয় করেছে।

পশ্চিমবঙ্গ সরকারের অনগ্রসর শ্রেণী কল্যাণ বিভাগ এই প্রকল্প বাস্তবায়ন করছে। সরকারী স্কুল, সরকার পোষিত স্কুল ও মাদ্রাসা স্কুলের নবম শ্রেনীর পড়ুয়াদের বিনামূল্যে সাইকেল দেওয়া হয়। মূলত, উচ্চশিক্ষা বিশেষ করে মেয়েরা যাতে বৃহত্তর শিক্ষার থেকে বঞ্চিত না হয়, স্কুল ছেড়ে পড়ুয়ারা যাতে শিক্ষা বিমুখ না হয়ে পড়ে --- সমস্ত বিষয়ের দিকে খেয়াল রেখেই এই প্রকল্পের বাস্তবায়ন।

(৫ পাতার পর)

## নতুন দিল্লিতে ভাইব্র্যান্ট ভিলেজ কর্মসূচি সংক্রান্ত ২ দিনের কর্মশালায় ভাষণ দিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী অমিত শাহ

যেসব গ্রামকে চিহ্নিত করা হয়েছিল সেগুলি এখন আমাদের দেশের সুরক্ষায় গুরুত্বপূর্ণ স্তম্ভ হয়ে উঠেছে। পরিকাঠামোগত বিকাশ, সাংস্কৃতিক সংরক্ষণ, পর্যটনের প্রসারের মাধ্যমে কর্মসংস্থান –প্রভৃতি উদ্যোগ সেগুলিকে বহুমাত্রিক ও বহুক্ষেত্রিক বিকাশের সংঘটন স্থল করে তুলেছে। কর্মসূচিটির সার্থক রূপায়ণে রাজ্যগুলিকেও এগিয়ে আসতে হবে। সুরক্ষা বাহিনীর আধিকারিকদেরও এই বিষয়ে আরও উদ্যোগী হতে হবে। ভাইব্র্যান্ট ভিলেজেস কর্মসূচির যথাযথ রূপায়ণ সীমান্তবর্তী গ্রামগুলির বাসিন্দাদের অন্যত্র চলে যাওয়ার প্রবণতা দূর করবে বলে স্বরাষ্ট্র মন্ত্রী উল্লেখ করেন। এক্ষেত্রে অরুণাচল প্রদেশের উদাহরণ তুলে ধরেন তিনি।

স্বরাষ্ট্র মন্ত্রী আরো বলেন, ভাইব্র্যান্ট ভিলেজেস কর্মসূচির প্রথম পর্বের তুলনায় দ্বিতীয় পর্বের পরিসর বিস্তৃততর। কাজেই প্রশাসনিক উদ্যোগে কিছুটা পরিমার্জন জরুরী। অবৈধভাবে ধর্মীয় স্থল নির্মাণ করে জমি দখলের প্রবণতা দূর করায় সীমান্তবর্তী জেলাগুলির প্রশাসকদের বিশেষ উদ্যোগ নিতে হবে। এই ক্ষেত্রে গুজরাটে ভালো কাজ হয়েছে। সমুদ্র ও স্থল সীমান্ত এলাকায় অনেক জমি থেকেই জবরদখলকারীদের সরিয়ে দেওয়া হয়েছে সেখানে- এমনটাই বলেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী।

(৩ পাতার পর)

## ফালাকাটা কলেজে গঠিত হল নতুন গভর্নিং বডি

অন্যান্যরাও বক্তব্য রাখেন। সেখানে পড়ুয়ারা সাংস্কৃতিক অনুষ্ঠানও পরিবেশন করেন। নৃত্যের পাশাপাশি সামাজিক সচেতনতামূলক নাটক বার্তা পরিবেশন করেন কলেজ পড়ুয়া তন্ময় শীল ও অঙ্কিতা দাস।শেষে নতুন কলেজ পরিচালন সমিতির সভাপতি রাজু মিশ্র জানান,সবাইকে নিয়ে কলেজের সার্বিক উন্নয়নে কাজ করব। এমনিতে ফালাকাটা কলেজ গোটা উত্তরবঙ্গের মধ্যে উল্লেখযোগ্য স্থানে আছে। আগামীতে কলেজের মান আরও বৃদ্ধি করার চেষ্টা করব।পড়ুয়াদের উদ্দেশ্যে তাঁর বার্তা,তোমরা নিয়মিত কলেজে আসো। ক্লাস কর।অভিভাবকরাও যাতে সন্তানদের কলেজে পাঠান সেই আবেদন করেন রাজু মিশ্র।

# সিনেমার খবর

## অবসরের কথা উঠতেই যা বললেন শাহরুখ

স্টাফ রিপোর্টার, রোজদিন



কেবল অভিনয় নয়, বুদ্ধিদীপ্ত জবাবের জন্যও ভক্তদের হৃদয়ে বিশেষ জায়গা করে নিয়েছেন শাহরুখ খান। সম্প্রতি এক্স-এ আয়োজিত 'AskSRK' সেশনে তার ভক্তদের সঙ্গে আবারও মেতে ওঠেন তিনি। প্রতিবারের মতোই এবারও তার জবাবে ছিল চমক আর সরস মন্তব্যের ছড়াছড়ি, যা ভক্তদের মন কেড়ে নিয়েছে।

এই সেশনে ক্যারিয়ার থেকে শুরু করে ব্যক্তিগত জীবন, এমনকি ছেলে আরিয়ান খানের নতুন সিরিজ নিয়েও ভক্তদের কাছ থেকে উঠে আসে নানা ধরনের প্রশ্ন। এক ভক্ত শাহরুখের কাছে তার কাঁধের চোটের খবর জানতে চান।

জবাবে কিং খান লেখেন, এত বছর ধরে স্টারডমের বোঝা খুব ভালোভাবে বহন করছি। হ্যাঁ, এখন আগের থেকে ভালো আছি। আমার শরীরের খবর নেওয়ার জন্য অনেক ধন্যবাদ।

তবে এই সেশনের সবচেয়ে আলোচিত মুহূর্ত ছিল এক ব্যক্তির মন্তব্য। তিনি শাহরুখকে অবসর নেওয়ার পরামর্শ দেন। ওই ব্যক্তি লেখেন, আপনার এখন বয়স হয়েছে, দয়া করে অবসর নিন। অন্য সবাইকে এগিয়ে আসতে দিন।

এমন মন্তব্যের জবাবে শাহরুখ লেখেন, ভাই, যখন আপনার প্রশ্নের ধরনের শৈশব শেষ হয়ে যাবে, তখন ভালো কিছু জিজ্ঞাসা করবেন। ততক্ষণ পর্যন্ত অস্থায়ী অবসর নিয়েই থাকুন প্লিজ।' অভিনেতার এই বুদ্ধিদীপ্ত জবাব ভক্তদের মধ্যে ব্যাপক সাড়া ফেলে।

আরেক ভক্ত শাহরুখের কাছে তার ছেলে আরিয়ান খানের পরিচালিত নতুন সিরিজের আপডেট জানতে চান। শাহরুখ জানান, এত মানুষ যখন জিজ্ঞাসা করছেন, তখন নেটফ্লিক্সকে এর উত্তর দিতেই হবে। ছেলে কাজ করে যাচ্ছে, আর বাবা কেবলই অপেক্ষা করছেন।

এই টুইটের পরেই চমকপ্রদ জবাব আসে নেটফ্লিক্সের পক্ষ থেকে। তারা লেখেন, ছেলের টিজার পোস্ট করার আগে বাবার অনুমতির প্রয়োজন ছিল। প্রথম লুক আগামীকালই আসছে।

নেটফ্লিক্সের এই টুইটটি মুহূর্তেই ভাইরাল হয়ে যায় এবং শাহরুখ ভক্তদের মধ্যে উচ্ছ্বাস ছড়িয়ে পড়ে। অনেকেই ধারণা করছেন, তাহলে কি শিগগিরই আরিয়ানের সিরিজের প্রথম ঝলক দেখতে পাবেন তারা? এই প্রশ্নের উত্তর জানতে অপেক্ষা করতে হবে আরও কিছুটা সময়।

## বক্স অফিসে রজনীকান্ত বনাম হৃতিক: তিন দিনে কে এগিয়ে?

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউড বনাম দক্ষিণী ইন্ডাস্ট্রির লড়াইয়ে আবারও মুখোমুখি হয়েছেন দুই মহাতারকা—হৃতিক রোশন ও রজনীকান্ত। একই দিনে মুক্তি পাওয়া দুটি বড় বাজেটের ছবি এখন বক্স অফিসে জমজমাট প্রতিযোগিতা তৈরি করেছে।


১৪ আগস্ট মুক্তি পেয়েছে অয়ন মুখার্জি পরিচালিত 'ওয়ার টু' ও লোকেশ কঙ্গরাজ পরিচালিত 'কুলি'। মুক্তির আগেই দুটি ছবি নিয়ে তুমুল আলোচনা ছিল, মুক্তির পর তা যেন আরও বেড়েছে।

প্রথম দিনেই 'ওয়ার টু' ঝড় তোলে বক্স অফিসে। হৃতিক রোশন, কিয়ারা আদভানি ও জুনিয়র এনটিআর অভিনীত ছবিটি প্রথম দিনে আয় করে ৫২ কোটি। দ্বিতীয় দিনে আয় বেড়ে দাঁড়ায় ৫৭.৩৫ কোটি, তবে তৃতীয় দিনে কিছুটা কমে দাঁড়ায় ৩৩.২৫ কোটি। তিন দিনে ছবিটির মোট আয় দাঁড়ায় প্রায় ১৪২.৬ কোটি টাকা। ট্রেড অ্যানালিস্টদের মতে, চতুর্থ দিন শেষে ছবিটি ১৫০ কোটির ঘর অতিক্রম করবে।

অন্যদিকে, দক্ষিণী ইন্ডাস্ট্রির কিংবদন্তি তারকা রজনীকান্ত প্রমাণ করেছেন তার তারকামূল্য। মুক্তির প্রথম দিনেই 'কুলি' আয় করে ৬৫ কোটি। দ্বিতীয় দিনে আয় কমে দাঁড়ায় ৫৪.৭৫ কোটি, আর তৃতীয় দিনে সংগ্রহ হয় ৩৮.৬ কোটি। তিন দিনের হিসাব অনুযায়ী, ছবিটির মোট আয় দাঁড়িয়েছে প্রায় ১৫৮.৩৫ কোটি টাকা।

ফলে তিন দিনের হিসাবে 'কুলি' আয় করেছে 'ওয়ার টু'-এর চেয়ে প্রায় ১৫.৭৫ কোটি বেশি। তবে প্রথম দুই দিনে ধারাবাহিক বৃদ্ধি দেখিয়েছে 'ওয়ার টু', বিপরীতে 'কুলি' দ্বিতীয় দিন থেকেই কিছুটা কমতির দিকে।

## 'বিবাহিত পুরুষরা সম্পর্ক জড়ালেও দোষ শুধু নারীদেরই হয়'



স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউডে অভিনেত্রী কঙ্গনা রানাওয়াতকে বলা হয় 'বিতর্কের রানি'। তিনি মুখ খুললেই যেন সৃষ্টি হয় বিতর্ক। 'ঠোঁট কাটা' স্বভাবের এই নায়িকা ছেড়ে কথা বলেন না কাউকেই। স্পষ্ট কথার জন্য বরাবরই আলোচনায় থাকেন তিনি। এবার তিনি মুখ খুললেন বিবাহিত পুরুষদের সঙ্গে সম্পর্কের অভিযোগ আর সেই প্রেক্ষিতে নারীদের দোষারোপের প্রবণতা নিয়ে।

তিনি বলেন, বিবাহিত পুরুষরা সম্পর্ক জড়ালেও দোষ শুধু নারীদেরই হয়। সমাজ সব সময় নারীদের দোষারোপ করতে পছন্দ করে। সম্প্রতি 'হাউটারফ্লাই'-কে দেওয়া এক সাক্ষাৎকারে এ কথা বলেন তিনি।

কঙ্গনা বলেন, যখন আপনি তরুণ এবং উচ্চাকাঙ্ক্ষী, আর একজন বিবাহিত পুরুষ আপনার প্রতি আগ্রহী হয়, তখন সেই সম্পর্কে জড়ানোর জন্য শুধু আপনাকেই দোষী ভাবা হয়।

তিনি আরও বলেন, এটা পুরুষের দোষ নয়। মানুষ সব সময় পরিস্থিতিটির জন্য একজন মহিলাকে দায়ী করার চেষ্টা করে। ধর্ষণের শিকার নারীদেরও তাদের পোশাক বা রাতে বাইরে থাকার জন্য দায়ী করা হয়। এগুলি আসলে ভুল মানসিকতার প্রতিফলন।

কয়েক বছর আগে কঙ্গনা অভিযোগ আনেন, তরুণী থাকা অবস্থায় অভিনেতা আদিত্য পাঞ্চোলির সঙ্গে তার সম্পর্ক গড়ে। সে সময় আদিত্য বিবাহিত ছিলেন এবং তার সন্তানও ছিল। ২০১৯ সালে কঙ্গনা সেই আদিত্যের বিরুদ্ধে হেনস্তা ও ধর্ষণের অভিযোগ আনেন, মামলা করেন। এরপরও ঘুরে ফিরে দোষ বর্তায় কঙ্গনার ওপর। নিজের সঙ্গে ঘটে যাওয়া সেই ঘটনাও উল্লেখ করেন কঙ্গনা।

কঙ্গনা জানান, ১৭ বছর বয়সে তিনি আদিত্যের সঙ্গে সম্পর্কে জড়িয়েছিলেন। তিনি আদিত্যের স্ত্রী জারিনা ওয়াহাবের কাছেও সাহায্য চেয়েছিলেন।

তিনি বলেন, বলেছিলেন, "এটা আমার জন্য খুব কঠিন এবং কঠোর সময় ছিল। আমার ওপর শারীরিক অত্যাচার করা হয়েছিল। আমি মনে করেছিলাম, মানুষ আমাকে সাহায্য করবে। কিন্তু একজন নারীর অবস্থানে থাকায় আমাকে একরকম ফাঁদে ফেলা হয়।

২০০৬ সালে 'গ্যাংস্টার' ছবির মাধ্যমে কঙ্গনার বলিউডে অভিষেক হয়। এরপর তিনি 'ওহ লামহে' (২০০৬) এবং 'লাইফ ইন এ মেট্রো' (২০০৭) ছবিতে অভিনয় করেন। সম্প্রতি অভিনেত্রী তার পরিচালিত, প্রযোজিত এবং লেখা ছবি 'ইমার্জেন্সি'-তে অভিনয় করেছেন।

# রোহিতকে আরও ৫ বছর দরকার ভারতের, বললেন সাবেক অলরাউন্ডার

**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ভারতের ওয়ানডে দল নিয়ে যখন নানা গুঞ্জন, তখন অনেকেই ধরে নিচ্ছেন আসন্ন বিশ্বকাপের পর বিদায় নিতে পারেন রোহিত শর্মা ও বিরাট কোহলি। এমনকি ২০ বছর বয়সী ব্যাটারদের জায়গা করে দিতে দলে নাকি রাখা হবে না অভিজ্ঞ এই দুই তারকাকে, এমন আলোচনাও চলছে ক্রিকেট মহলে।




তবে ভিন্ন মত পোষণ করছেন ভারতের সাবেক অলরাউন্ডার যোগরাজ সিং। তিনি কিংবদন্তি যুবরাজ সিংয়ের বাবা। তাঁর মতে, রোহিত শর্মার এখনই বিদায় নেওয়ার সময় হয়নি। বরং আরও পাঁচ বছর ভারতীয় দলে তাঁর প্রয়োজন।

রোহিতকে প্রশংসায় ভাসিয়ে যোগরাজ বলেন,'রোহিতকে নিয়ে অনেক বাজে কথা হচ্ছে। সে আমার পছন্দের ক্রিকেটার। তার ব্যাটিং দেখলে বোঝা যায়, সে একদিকে আর বাকি সবাই অন্যদিকে। এটাই তার ব্যাটিং ক্লাস। রোহিত, তোমাকে আমাদের আরও ৫ বছর দরকার।'

রোহিত শর্মা যদি আগামী ওয়ানডে বিশ্বকাপে খেলেন, তখন তাঁর বয়স হবে প্রায় ৪০ বছর। এমন বয়সেও আন্তর্জাতিক ক্রিকেটে খেলার জন্য যোগরাজ দিয়েছেন বিশেষ পরামর্শ।

শুধু এখন নয়, ভবিষ্যতেও রোহিত খেলতে পারবেন বলেই বিশ্বাস যোগরাজের। তাঁর মতে, সঠিক ফিটনেস রুটিন অনুসরণ করলে ৪৫ বছর বয়স পর্যন্তও খেলতে পারেন রোহিত শর্মা।

তিনি বলেন, 'তাকে চারজন ট্রেনার দাও, প্রতিদিন সকালে ১০ কিলোমিটার দৌড়াক। নিজের ফিটনেস, ডায়েট, এবং শৃঙ্খলার দিকে নজর দিক। তাহলে সে আরও অনেক কিছু দেশের জন্য দিতে পারবে।'

# এশিয়া কাপে খেলতে চান বুমরাহ




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

ইংল্যান্ড সফরে চোটজনিত সমস্যার কারণে তিনটি টেস্ট খেলেছিলেন জাসপ্রিত বুমরাহ। সেই কারণে আসন্ন এশিয়া কাপে তাকে দেখা যাবে কিনা এ নিয়েও সংশয় ছিল। যদিও পুরো টুর্নামেন্টে অংশ নেওয়ার ইচ্ছার কথা বিসিসিআইয়ের নির্বাচকদের জানিয়ে দিয়েছেন বুমরাহ।

একইসঙ্গে ফিটনেস পরীক্ষায় উতরে গিয়ে দলে ফেরার সম্ভাবনা জোরালো করেছেন ভারতের টি-টোয়েন্টির অধিনায়ক সূর্যকুমার যাদব। আগামী ১৯ আগস্ট এশিয়া কাপের দলে কাদের রাখা হবে তা জানাবে বিসিসিআই।

এর আগেই নিজের অবস্থান পরিষ্কার করেছেন বুমরাহ। এক বোর্ড কর্তা ভারতের গণমাধ্যম ইন্ডিয়ান এক্সপ্রেসকে বলেছেন, এশিয়া কাপে তাকে পাওয়া যাবে বলে নির্বাচকদের ইতোমধ্যে জানিয়ে দিয়েছে বুমরাহ। পরের সপ্তাহে বৈঠকে বসে দল বেছে নেবেন নির্বাচকরা।

পিঠের চোট সমস্যার কারণে ইংল্যান্ড সফরের কেবল প্রথম, তৃতীয় ও চতুর্থ টেস্টে খেলেছিলেন বুমরাহ। এশিয়া কাপ টি-টোয়েন্টি ফরম্যাটে হওয়ায় প্রতি ম্যাচে কেবল চার ওভার বল করতে হয়। লম্বা স্পেলে বোলিং না করায় শরীরের ওপর চাপ কম পড়বে বলেই বুমরাহ খেলতে আগ্রহী, এমনটাই মনে করছেন বোর্ড ও ক্রিকেট সংশ্লিষ্টরা।

এদিকে, সূর্যকুমার যাদবের ফিটনেস নিয়ে কিছুটা সংশয় থাকলেও সম্প্রতি ফিটনেস পরীক্ষায় পাস করেছেন তিনি। এক কর্মকর্তা বলেন, এশিয়া কাপে ভারতকে নেতৃত্ব দিতে আর সমস্যা নেই সূর্যকুমারের। কিছু দিন আগে পর্যন্ত ফিটনেস সেন্টারে ছিল সূর্যকুমার। এখানে রিহ্যাব করার পর তাকে ফিট ঘোষণা করা হয়েছে। নির্বাচনী বৈঠকে তাকে দেখা যাবে।

এশিয়া কাপের আগে কোনো প্রস্তুতি ম্যাচ খেলবে না ভারত। বেঙ্গালুরুতে ছোট একটি ক্যাম্প করার পরিকল্পনা থাকলেও সেটি বাতিল হয়েছে। তবে নির্ধারিত সময়ের কিছু আগেই সংযুক্ত আরব আমিরাতে পৌঁছাবে ভারত দল।

# এশিয়া কাপে ভারতকে হারাবে পাকিস্তান: আকিব জাভেদ

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



আসন্ন এশিয়া কাপকে সামনে রেখে ১৭ সদস্যের দল ঘোষণা করেছে পাকিস্তান। দলে সবচেয়ে বড় চমক, থাকছেন না দলের অভিজ্ঞ দুই ব্যাটার বাবর আজম ও মোহাম্মদ রিজওয়ান। তবে এই পরিবর্তিত স্কোয়াড নিয়েই ভারতকে হারানোর পূর্ণ বিশ্বাস প্রকাশ করেছেন প্রধান নির্বাচক আকিব জাভেদ।

পাকিস্তান বনাম ভারতের টি-টোয়েন্টি লড়াইয়ে পরিসংখ্যান এখনো ভারতের পক্ষেই। দুই দলের ১৩ দেখায় ভারত জিতেছে ৯ বার, পাকিস্তান জিতেছে মাত্র ৩টি ম্যাচে, আর একটি ম্যাচ হয়েছে টাই। তা সত্ত্বেও ১৪ সেপ্টেম্বরের গ্রুপপর্বের ম্যাচে জয় দেখছেন আকিব।

আকিব বলেন,'পাকিস্তানের টি-টোয়েন্টি দল ভারতকে হারাতে পারে। ভারত বনাম পাকিস্তান সবসময়ই বড় ম্যাচ। এই ১৭ জনের স্কোয়াড যেকোনো দলকে হারানোর সামর্থ্য রাখে। আমাদের উচিত তাদের ওপর অযথা চাপ না দেওয়া। আমি এই দলের ওপর ভীষণ আশাবাদী।'

দলে না থাকলেও বাবর আজম ও মোহাম্মদ রিজওয়ানের ক্যারিয়ার যে এখানেই শেষ নয়, তা স্পষ্ট করে দিয়েছেন আকিব। শেষবার গত বছরের ডিসেম্বরে টি-টোয়েন্টিতে দেখা গিয়েছিল তাদের।

তিনি বলেন,'আমরা বাবর-রিজওয়ানকে পুরোপুরি বাদ দিইনি। বর্তমান দল নির্বাচনে আমরা উন্নতি ও সাম্প্রতিক ফর্ম বিবেচনায় রেখেছি। শাহিবজাদা ফারহান, সাইম আইয়ুব ও ফখর জামানদের পারফরম্যান্সই তাদের জায়গা নিশ্চিত করেছে।'

আকিব আরও জানান, যেকোনো খেলোয়াড়ই ঘরোয়া কিংবা বিদেশি লিগে ভালো খেললে জাতীয় দলে ফেরার সুযোগ পাবেন।

'ক্যারিয়ার কখনোই হুট করে থেমে যায় না। যারা পারফর্ম করবে, তারাই দলে আসবে। পিএসএল, বিগ ব্যাশের মতো লিগে অভিজ্ঞতা কাজে লাগাচ্ছে অনেকে। আমাদের দরজা সবার জন্যই খোলা।'

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR